

১২/১২/২১  
১২/১২/২১



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

বিপণন বিভাগ

১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৩৬.০২.০০০০.০১৬.৩২.০১১.২০.৩২

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৮

০৯ ডিসেম্বর ২০২১

বিষয়: বিসিক কর্তৃক জেলা পর্যায়ে ২০২১-২২ অর্থবছরে সশরীরে 'বিসিক উদ্যোক্তা মেলা' আয়োজন প্রসঙ্গে

সূত্র: ১। বিসিকের পত্র নং- ৩৬.০২.০০০০.০১৬.৩২.০১১.২০.৭৭; তারিখ: ১২ অক্টোবর ২০২১

২। শিল্প মন্ত্রণালয়ের পত্র- ৩৬.০০.০০০০.০৬৫.২৯.০১৩.২০/৫১৪; তারিখ: ১৩ অক্টোবর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বিসিক হতে প্রতিবছরই দেশের CMSME উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বিক্রয় ও বাজারজাতকরণের সহায়তা প্রদানের লক্ষ্যে দেশব্যাপী মেলা আয়োজন করা হয়ে থাকে। সাম্প্রতিককালে কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন যাবত সশরীরে মেলা আয়োজন করা সম্ভব হয়নি। তবে করোনাকালীন সময়ে বিসিক জেলা কার্যালয়সমূহ কর্তৃক নিয়মিত অনলাইন মেলা আয়োজন করা হয়েছে। উল্লেখ্য, বিসিকের কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে সকল জেলায় কমপক্ষে ৩টি করে সশরীরে মেলা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে ঢাকা সহ দেশের বেশ কয়েকটি জেলায় সশরীরে মেলা আয়োজন সম্পন্ন হয়েছে।

০২। এমতাবস্থায়, জেলা প্রশাসনের অনুমতিক্রমে সার্বিক কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনা করে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক এবং আয়োজনের সকল ক্ষেত্রে বিসিকের মেলা/উদ্যোক্তা হাট/প্রদর্শনী/ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজনের নির্দেশিকা-২০২১ অনুসারে সকল জেলায় বিসিক কর্তৃক 'বিসিক উদ্যোক্তা মেলা' আয়োজনের তারিখ নির্ধারণপূর্বক বিপণন বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৯-১২-২০২১

মোঃ আবদুল মতিন

পরিচালক (বিপণন, নকশা ও কারুশিল্প)

ফোন: +৮৮০২২২৩৩৮৩৭১৪

ইমেইল:

dirmarketing@bscic.gov.bd

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক পরিচালকের কার্যালয় (ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/

রাজশাহী)



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

আঞ্চলিক কার্যালয়, বিসিক, রাজশাহী।



স্মারক নং-৩৬.০২.০০০০.০২৩.০০.০০৪.১৭/২২৬(১৬)/২

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮  
১৩ ডিসেম্বর ২০২১

বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক "বিসিক শিল্প মেলা"/"উদ্যোক্তা হাট"/প্রদর্শনী/ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজনের নির্দেশিকা-২০২১ অনুসারে রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা প্রধানদের 'বিসিক উদ্যোক্তা মেলা' আয়োজনে তারিখ নির্ধারণ পূর্বক এ কার্যালয় ও বিপণন বিভাগকে অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

উপ-সহাব্যবস্থাপক/সহঃ মহাব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক

বিসিক জেলা কার্যালয়

(আওতাধীন সকল জেলা)।

১৩.১২.২১

(মোঃ রেজাউল আলম সরকার)

আঞ্চলিক পরিচালক (উপসচিব)

বিসিক, রাজশাহী।

ফোনঃ ০৭২১-৭৬১১২২

ইমেইল-rdrjshahi@bscic.gov.bd

অনুলিপি জ্ঞাতার্থে

১। পরিচালক (বিপণন, নকশা ও কারুশিল্প), প্রধান কার্যালয়, বিসিক, ঢাকা।

২। পি.ও.স.ট. চেয়ারম্যান, বিসিক ভবন, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।